

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং- ২৬

আগস্ট ২৫, ২০১০
তারিখ : -----
ভদ্র ১০, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

Special Notice Deposit (SND) হিসাব পরিচালনা প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-২০, তারিখ-মে ১৬, ২০১০ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উক্ত সার্কুলারের ২নং ক্রমিকের নির্দেশনা অনুযায়ী Special Notice Deposit (SND) হিসাব হতে টাকা উত্তোলনের জন্য গ্রাহক কর্তৃক ন্যূনতম ৭ (সাত) দিনের নোটিশ প্রদান করতে হবে। এ প্রসঙ্গে আরও জানানো যাচ্ছে যে, ন্যূনতম ৭ (সাত) দিনের পূর্ব নোটিশ (Prior Notice) ব্যতিরেকে SND হিসাব হতে টাকা উত্তোলন করা হলে গ্রাহক উক্ত হিসাবে ঐ মাসের জন্য কোন সুদ/মুনাফা প্রাপ্য হবেন না। প্রতিটি উত্তোলনের জন্যই পৃথকভাবে নোটিশ প্রদান করতে হবে এবং পিছনের তারিখযুক্ত (back dated) কোন নোটিশ গ্রহণ করা যাবে না।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সোহরাওয়ার্দী)
মহাব্যবস্থাপক
ফোন: ৭১১৭৮২৫